

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১১৬৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩০. প্রথম অনুচ্ছেদ - সুন্নাত ও এর ফ্যীলত

بَابُ السُّنَنِ وَقَضَائِلِهَا

### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ كَانَ مِنْكُمْ مُصلِّيًا بَعْدَ الْجُمُعَةِ فَلْيُصلِّ أَرْبَعًا» . رَوَاهُ مُسْلِمٌ وَفِي أُخْرَى لَهُ قَالَ: «إِذَا صَلَّى أَحَدُكُمُ الْجُمُعَةَ فَلْيُصلِّ بَعْدَهَا أَرْبعا»

#### বাংলা

১১৬৬-[৮] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত হয়েছে। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ তোমাদের যে লোক জুমু'আর (ফরয সালাতের) পর সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতে চায় সে যেন চার রাকৃ'আত সালাত আদায় করে নেয়। (মুসলিম)

আর মুসলিমেরই অন্য এক সূত্রে আছে, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ তোমাদের কোন ব্যক্তি যখন জুমু'আর [ফরয] সালাত আদায় করবে সে যেন এরপর চার রাক্'আত সুন্নাত সালাত আদায় করে নেয়।[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৮৮১।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَلْيُصَلِّ أَرْبُعًا) সে যেন চার রাক্'আত সালাত আদায় করে। এ হাদীস প্রমাণ করে যে, জুমু'আর সালাতের পর সুন্নাত সালাত চার রাক্'আত। পূর্বে ইবনু 'উমার (রাঃ) থেকে বর্ণিত হয়েছে যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জুমু'আর সালাতের পর স্বীয় ঘরে প্রত্যাবর্তন করে দুই রাক্'আত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতেন। এ হাদীস প্রমাণ করে যে, জুমু'আর সালাতের পর সুন্নাত সালাত দুই রাক্'আত। ইসহাক ইবনু রাহ্ওয়াইহি বলেন, যদি জুমু'আর সালাতের পর মসজিদে সালাত আদায় করে তাহলে চার রাক্'আত আদায়



করবে। আর যদি ঘরে যেয়ে সালাত আদায় করে তাহেল দুই রাক্'আত আদায় করবে। ইবনু তায়মিয়্যাহ্ এবং ইবনুল ক্রইয়্যিম (রহঃ) প্রমুখগণের অভিমতও তাই।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন